# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 19 May, 2025

রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত করেছিল নির্বাচন কমিশন।এ স্থগিতাদেশ বাতিল বা প্রত্যাহার না হলে ক্ষমতাচ্যুত রাজনৈতিক দলটি নির্বাচনে অংশ নিতে পারবে না বলে সাফ জানিয়ে দিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) আবদুর রহমানেল মাছউদ।

সোমবার বেলা ১১টার দিকে রাজশাহী আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্রে 'ভোটার তালিকা হালনাগাদ-২০২৫, পরবর্তী পর্যালোচনা ও টেকসই উন্নয়ন পরিকল্পনা' শীর্ষক কর্মশালায় যোগ দিয়ে তিনি এ কথা বলেন।

ইসি মাছউদ বলেন, 'সরকার আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করেছে।নির্বাচন কমিশন আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত করেছে।নিবন্ধনের স্থগিতাদেশ বাতিল বা প্রত্যাহার না হলে দলটি নির্বাচন করতে পারবে না।তাদের নির্বাচনে অংশ নেওয়ার কোনো সুযোগ নেই।

'সরকার আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করেছে।নির্বাচন কমিশন আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত করেছে।নিবন্ধনের স্থগিতাদেশ বাতিল বা প্রত্যাহার না হলে দলটি নির্বাচন করতে পারবে না।তাদের নির্বাচনে অংশ নেওয়ার কোনো সুযোগ নেই।

আওয়ামী লীগ ছাড়া গ্রহণযোগ্য নির্বাচন হবে কি না, এ নিয়ে কমিশন কী মনে করে– এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'এ প্রশ্নের উত্তর দেওয়ার সময় এখনও আসেনি।নির্বাচন কমিশন প্রধান উপদেষ্টার বেঁধে দেওয়া সময়ে নির্বাচন বাস্তবায়ন করতে প্রস্তুত রয়েছে।

সোমবারের এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে যোগ দেন আব্দুর রহমানেল মাছউদ।বিশেষ অতিথি হিসেবে ছিলেন নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ।এছাড়া কর্মশালায় রাজশাহীর আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা দেলোয়ার হোসেন, বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, সরকার আওয়ামী লীগের সব রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করেছে।আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার শেষ না হওয়া পর্যন্ত দলটি কোনো কার্যক্রম চালাতে পারবে না।

আওয়ামী লীগ রাজনৈতিক দল নির্বাচন কমিশন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:06

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/2676865165